১৪। (ক) **ব্যবসায় শিক্ষা শাখা:** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৮৫৬ জন ও বিভিন্ন কোটায় ৭৪ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে বহুনির্বাচনি (MCQ) অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১২। তবে বহুনির্বাচনি (MCQ) এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপর্যুক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ন্যূনতম ৩ গুণ প্রার্থীর লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

(খ) **বিজ্ঞান শাখা:** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৮৭ জন ও বিভিন্ন কোটায় ৮ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে বহুনির্বাচনি (MCQ) অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১২। তবে বহুনির্বাচনি (MCQ) এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপর্যুক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ন্যূনতম ৩ গুণ প্রার্থীর লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

(গ) **মানবিক শাখা:** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ২৩ জন ও বিভিন্ন কোটায় ২ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে বহুনির্বাচনি (MCQ) অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১২। তবে বহুনির্বাচনি (MCQ) এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপর্যুক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ন্যূনতম ৩ গুণ প্রার্থীর লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

ভর্তির জন্য নির্বাচিত ৯৬৬ জন প্রার্থীকে মেধাক্রম অনুসারে এবং ৮৪ জন প্রার্থীকে বিভিন্ন কোটা অনুসারে নিম্নলিখিত ৯টি বিভাগে ভর্তির জন্য বিবেচনা করা হবে:

বিভাগের নাম	ব্যবসায় শিক্ষা হতে		বিজ্ঞান শাখা হতে		মানবিক শাখা হতে		কোটাসহ মোট ভর্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা
	মেধা	কোটা	মেধা	কোটা	মেধা	কোটা	
একাউন্টিং	১২৪	১১	১১	১	৩	০	১৫০
ম্যানেজমেন্ট	১২৪	১১	১১	১	৩	০	১৫০
মার্কেটিং	১২৪	১১	১১	১	৩	০	১৫০
ফিন্যান্স	১২৪	১১	১২	০	৩	০	১৫০
ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স	৮৩	৭	৭	১	২	০	১০০
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	৮৩	৭	৭	১	২	০	১০০
ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	৮৩	৭	৭	১	১	১	১০০
ইন্টারন্যাশনাল বিজনেস	৮৩	৭	৭	১	২	০	১০০
অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ	২৮	২	১৪	১	৪	১	৫০
কোটাসহ মোট ভর্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা	৮৫৬	৭৪	৮৭	০৮	২৩	০২	১০৫০

১৫। কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর করণীয়

ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ও হিজড়া, হরিজন ও দলিত সম্প্রদায়, মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তির আবেদন করতে পারবে। অনলাইনে আবেদন করার সময় সংশ্লিষ্ট কোটায় টিক চিহ্ন দিতে হবে এবং যারা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কোটার জন্য আবেদন করতে পারবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে, প্রার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণ ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে নির্ধারিত ফরম কোটার বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ এবং তা যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব-স্ব ক্ষুদ্র নৃগোষ্ঠী ও জেলা প্রশাসনের সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ও হিজড়া কোটা প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র জমা দিতে হবে।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের বিভিন্ন কোটায় আসন বন্টন নিম্নরূপ:

ক) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসনে ভর্তি করা হবে।
খ) ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের জন্য ১% আসনে ভর্তি করা হবে।
গ) হরিজন ও দলিত সম্প্রদায় ১% আসনে ভর্তি করা হবে।
ঘ) প্রতিবন্ধী প্রার্থীদের ১% আসনে ভর্তি করা হবে।

কোটায় ভর্তির আসন পূর্ণ না হলে মেধা থেকে শূণ্য আসনসমূহ পূরণ করা হবে।

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.